হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৩৩ ঃ মেহেরপুর- শুক্রবার ৫ সেপ্টেম্বর ২০২৫ ইং ঃ ২১ ভাদ্র ১৪৩২ বাংলা ঃ ১১ রবি,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com




'তাদের আসলে কিছু করারও ছিল না'-পৃষ্ঠা-৩

## ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে ৩ জনের মৃত্যু, হাসপাতালে ৩৬৩

নিজস্ব প্রতিবেদক

সারাদেশে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে তিনজনের মৃত্যু হয়েছে। পাশাপাশি এই সময়ের মধ্যে আরও ৩৬৩ জন ডেঙ্গু জ্বর নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন।

বৃহস্পতিবার স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে পাঠানো প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

প্রতিবেদনে বলা হয়, গতকাল বুধবার সকাল ৮টা থেকে আজ বৃহস্পতিবার সকাল ৮টা পর্যন্ত ডেঙ্গু আক্রান্তদের মধ্যে ঢাকা মহানগরের হাসপাতালগুলোতে ১১২ জন, বরিশাল বিভাগে (সিটি করপোরেশন বাদে) ৮৮ জন, ঢাকা বিভাগে ৭০ জন, চট্টগ্রাম বিভাগে ৫০ জন, খুলনা বিভাগে ১৬ জন, রাজশাহী বিভাগে ১৬ জন, ময়মনসিংহ বিভাগে ১০ জন ও সিলেট বিভাগে একজন ভর্তি হয়েছেন।

এই রোগটিতে আক্রান্ত হয়ে চলতি বছরে এখন পর্যন্ত ১৩০ জনের মৃত্যু হয়েছে। মারা যাওয়াদের মধ্যে ৭১ জন পুরুষ

২-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুরে সরকারি পেঁয়াজ বীজে অনিয়ম

## সময় পেরিয়ে গেলেও কৃষকদের হাতে পৌঁছায়নি

নিজস্ব প্রতিবেদক

গ্রীষ্মকালীন পেঁয়াজ আবাদে মেহেরপুরের কৃষকরা এবার পড়েছেন চরম বিপাকে। নির্ধারিত সময়ে বীজ না পাওয়ায় জেলার তিন উপজেলায় প্রায় সাড়ে তিন হাজার কৃষক আবাদে লোকসানের শঙ্কায় রয়েছেন। কৃষকদের অভিযোগ মান-হীন বীজ সরবরাহ ও দরপত্রে অনিয়ম হয়েছে। এ নিয়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তারা দায় নিতে অনীহা প্রকাশ করেছেন। গত জুলাই মাসে গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজ রোপণের কথা থাকলেও সেপ্টেম্বর পর্যন্ত কৃষকরা বীজ পাননি। ফলে তাদের মনে ক্ষোভ দানা বেঁধেছে। মেহেরপুর সদর উপজেলার মোনাখালি গ্রামের কৃষক জাকির হোসেন বলেন, "এখন বীজ নিলেও কোনো লাভ নেই। কারণ বীজ লাগানোর মৌসুম পার হয়ে গেছে। গতবারও দেরিতে প্রণোদনার বীজ পেয়ে লোকসানে পড়েছি।" জানা যায়, চলতি মৌসুমে জেলার ১০ হাজার কৃষকের জন্য তিন কোটি ৪০ লাখ টাকার পেঁয়াজ বীজ বরাদ্দ দেয় সরকার। কিন্তু উপজেলা কৃষি কর্মকর্তাদের একক সিদ্ধান্তে নির্দিষ্ট একটি কোম্পানি থেকে বীজ কেনা হয়। পরীক্ষায় দেখা গেছে, মুজিবনগরে ৬৬ শতাংশ, সদরে ৬১ শতাংশ এবং গাংনীতে ৭৪ শতাংশ বীজের অঙ্কুরোদ্গম ক্ষমতা রয়েছে। অথচ ন্যূনতম ৮৫ শতাংশ থাকার কথা। বিষয়টি প্রকাশ হলে গত ৪ আগস্ট মেহেরপুর সদর উপজেলা কৃষি অফিস থেকে ট্রাক ভর্তি বীজ গোপনে সরিয়ে নেয়ার চেষ্টা হয়। সদর উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামান বলেন, এ বিষয়ে কোনো তথ্য দেওয়া যাবেনা। অন্যদিকে কৃষকরা প্রশ্ন তুলেছেন সেপ্টেম্বরে বীজ পেলে তারা কতটা লাভবান হবেন। কৃষি বিশেষজ্ঞদের মতে, এসব বীজ কাগজে-কলমে বিতরণ হলেও মাঠে কোনো ফল মিলবে না। এদিকে মুজিবনগরে মান-হীন বীজ ফেরত দেয়া হলেও গাংনীতে বিতরণ করা হয়েছে। এতে দরপত্র প্রক্রিয়ায় অনিয়মের অভিযোগ উঠেছে। উপজেলা কমিটির সদস্যরা দাবি করেছেন, বীজ কেনার সিদ্ধান্ত সম্পর্কে তারা কিছুই জানেন না। এ দিকে বীজ কেলেঙ্কারি চলাকালেই সদর উপজেলার কৃষি কর্মকর্তা সহকর্মীদের নিয়ে কর্মদিবসে অফিস বন্ধ রেখে বীজ প্রদান কারি এক কোম্পানীর অর্থিক সহায়তায় কক্সবাজার ভ্রমণে যান এতে কৃষকরা ভোগান্তিতে পড়েন।জেলা কৃষি

২-এর পৃষ্ঠা দেখুন

**মেহেরপুরে পেঁয়াজ বীজ বিতরণ সংকট**

- ৩,৫০০ কৃষক ক্ষতিগ্রস্ত: সরকারি বীজ সময়মতো না পাওয়ায় মৌসুম হারিয়েছে।
- বীজের মান কম: আঙ্কুরোদম ক্ষমতা ৬১–৭৪%, প্রত্যাশিত ৮৫% এর তুলনায় কম।
- দরপত্রে অনিয়ম: গাংনীতে বীজ বিতরণ হলেও প্রক্রিয়ায় ত্রুটি।
- ফেরত ও নতুন চুক্তি: সদর ও মুজিবনগরে খারাপ বীজ ফেরত, নতুন ঠিকাদারের সঙ্গে চুক্তি।
- অধিদপ্তরের দায় এড়িয়ে চলা: জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর দায় নিতে অনিচ্ছুক।





আমাদের সূর্যোদয়ে সংবাদ প্রকাশের পর

## ডিসি ইকো পার্কের অনিয়মের সন্ধানে দুদুক

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার ডিসি ইকো পার্কে মাটি কেটে ভরাটসহ একাধিক অনিয়ম-দুর্নীতির অভিযোগ তদন্তে নেমেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। গতকাল বৃহস্পতিবার (৪ সেপ্টেম্বর) দুপুরে কুষ্টিয়া দুদকের উপ-পরিচালক বিজয় কুমার রায়ের নেতৃত্বে পিআইও অফিসে অভিযান চালানো হয়। তবে অভিযানের সময় উপস্থিত ছিলেন না উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) মনসুর রহমান। পিআইও মনসুর রহমানের যোগদানের পর থেকেই তার বিরুদ্ধে একাধিক অনিয়ম ও দুর্নীতির অভিযোগ ওঠে। সর্বশেষ ২০২৪-২৫ অর্থবছরের টিআর ও কাবিখা খাত থেকে বরাদ্দ পাওয়া ডিসি ইকো পার্কের পাঁচটি প্রকল্পে সাড়ে ২৪ লাখ টাকার লুটপাটের অভিযোগ আমোদের সূর্যোদয় সহ বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রকাশিত হয়। অভিযোগে বলা হয়েছে, প্রকল্প মেয়াদ শেষ হলেও অধিকাংশ কাজ সম্পন্ন হয়নি। তবু কাগজে-কলমে পূর্ণাঙ্গ কাজ দেখিয়ে বরাদ্দের টাকা উত্তোলন করা হয়েছে। বরাদ্দকৃত কাজের মধ্যে ছিল শিশু পার্কে রাইড স্থাপন, পার্ক ফেন্সিং, ওয়াশরুম সংস্কার, পিকনিক সেড নির্মাণ, দোকান সেড নির্মাণ, পার্ক থেকে বধ্যভূমি পর্যন্ত রাস্তা উন্নয়ন, প্রধান গেট নির্মাণ ও মাটি ভরাট। স্থানীয়রা

২-এর পৃষ্ঠা দেখুন



## আজ মেহেরপুরে আসছেন প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার

নিজস্ব প্রতিবেদক

সরকারের প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (ঐক্যমত) মনির হায়দার আজ শুক্রবার (৫ সেপ্টেম্বর) একদিনের সরকারি সফরে মেহেরপুরে আসছেন। সকাল ১১টায় তিনি মেহেরপুর সার্কিট হাউসে পৌঁছাবেন বলে জানিয়েছেন তাঁর একান্ত সচিব মোহাম্মদ মামুন শবলী।

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে বিশেষ অভিযানে দুই আসামি গ্রেফতার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা পুলিশের বিশেষ অভিযানে গাংনী থানা এলাকা থেকে দুই আসামিকে গ্রেফতার করা হয়েছে। গত ২৪ ঘন্টায় পরিচালিত এ অভিযানে মাইলমারী গ্রামের শাহরিয়ার রেজা প্রিন্স (২৮) ও অলিনগর গ্রামের আবুল কালাম আজাদ (৩৮) কে আটক করা হয়। পুলিশ জানায়, শাহরিয়ার রেজা প্রিন্স নিয়মিত মামলার তদন্তে গ্রেফতার হয়েছেন। অপরদিকে আবুল কালাম আজাদ দীর্ঘদিন পলাতক ছিলেন এবং তাঁর বিরুদ্ধে ১০ বছরের সাজা রয়েছে। গ্রেফতারকৃতদের

২-এর পৃষ্ঠা দেখুন





## মেহেরপুরে নবাগত জেলা প্রশাসকের সঙ্গে সুধীজনদের মতবিনিময়

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের নবাগত জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালামের সঙ্গে জেলার সুধীজনদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড.

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে দুই মামলায় একাধিক আসামির কারাদণ্ড

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলীর আদালতে বৃহস্পতিবার (৪ সেপ্টেম্বর ২০২৫) পৃথক দুটি মামলায় একাধিক আসামির বিরুদ্ধে কারাদণ্ডের রায় ঘোষণা করা হয়েছে। মাদক মামলা: হেরোইন রাখার অভিযোগে জনিরুল ইসলাম ওরফে জনি এবং মোঃ শাহাবুদ্দিন শেখকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৩৬(১) সারণি ৮(ক) ধারায় দোষী সাব্যস্ত করে আদালত ২ বছর সশ্রম কারাদণ্ড ও ৫ হাজার টাকা জরিমানার আদেশ প্রদান করেছেন।

২-এর পৃষ্ঠা দেখুন





## নবীন বরণ ও বিদায় সংবর্ধনায় বাংলা বিভাগের উৎসবমুখর মুহূর্ত মেহেরপুর সরকারি মহিলা কলেজে প্রাণবন্ত সাংস্কৃতিক পরিবেশনা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সরকারি মহিলা কলেজের বাংলা বিভাগে সম্প্রতি নবীন বরণ ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানের শুরু হয় জাতীয় সংগীত পরিবেশনার মধ্য দিয়ে। বৃহস্পতিবার মহিলা কলেজের এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

বাংলা বিভাগের প্রধান কাজী আশরাফুল আলম অনুষ্ঠানের সভাপতিত্বে

২-এর পৃষ্ঠা দেখুন





## বর্তমান সরকার যদি ষড়যন্ত্র করে গাংনীর মানুষ তাকেও ক্ষমা করবে না : আমজাদ হোসেন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা বিএনপির সাবেক সভাপতি ও সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেন বলেছেন, "বর্তমান সরকার যদি কোনো ষড়যন্ত্র করে, গাংনীর মানুষ তাকেও ক্ষমা করবে না।" গতকাল বৃহস্পতিবার (৪ সেপ্টেম্বর) বিএনপির ৪৭তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে গাংনীতে আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। আমজাদ হোসেন উপজেলা প্রশাসনের প্রতি হুঁশিয়ারি দিয়ে বলেন, "আপনারা আরও স্বচ্ছ হোন। যদি মনে করেন আমরা

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে বিএনপি নেতাদের হাতে পিটুনি, ছাত্রলীগ নেতা পুলিশ হেফাজতে

নিজস্ব প্রতিবেদক

২০২৩ সালে মেহেরপুরের গাংনী উপজেলা বিএনপি কার্যালয়, জিয়াউর রহমান, বেগম খালেদা জিয়ার ছবি, সাইনবোর্ড ভাঙচুর ও জাতীয় পতাকা পোড়ানো মামলার আসামি নিষিদ্ধঘোষিত ছাত্রলীগ নেতা শাহরিয়ার রেজা প্রিন্সকে সংঘবদ্ধ পিটুনি দিয়ে পুলিশে দিয়েছেন স্থানীয় বিএনপির নেতা-কর্মীরা। বুধবার (৩ সেপ্টেম্বর) রাত ৯টার দিকে গাংনী উপজেলা শহরে বিএনপি কার্যালয়ের সামনে ঘোরাঘুরি করছিলেন শাহরিয়ার। সে সময় তাকে আটক করেন বিএনপি নেতা-কর্মীরা। পরে তাকে পিটুনি দিয়ে গাংনী থানা পুলিশে সোপর্দ করা হয়। শাহরিয়ার রেজা প্রিন্স উপজেলা ছাত্রলীগের নেতা ও

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে ইসলামী আন্দোলন বাংলাদেশের মোটরসাইকেল শোভাযাত্রা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে ইসলামী আন্দোলন বাংলাদেশের মেহেরপুর-১ আসনের মনোনীত প্রার্থী মোল্লা খাদিমুল ইসলামের নেতৃত্বে বৃহস্পতিবার বিকেলে বিশাল মোটরসাইকেল শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে। শোভাযাত্রায় কয়েকশ মোটরসাইকেল এবং ছাদ খোলা মাইক্রোযোগে দলের নেতা-কর্মীরা অংশ নেন।

শোভাযাত্রাটি বারাদী থেকে শুরু হয়ে আমঝুপি হয়ে মেহেরপুর শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মুজিবনগরে এসে শেষ হয়। পথে অংশগ্রহণকারীরা হাতে দলীয় পতাকা এবং প্রতীক "হাতপাখা" নিয়ে

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে জামায়াতের গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর পৌর এলাকায় জেলা জামায়াতে ইসলামীর আমির মাওলানা তাজউদ্দিন খানের নেতৃত্বে বৃহস্পতিবার সন্ধ্যায় প্রাণবন্ত গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। হোটেল বাজার থেকে বড়বাজার পর্যন্ত ব্যবসায়ীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় ও গণসংযোগে অংশগ্রহণ করেন জেলা ও পৌর জামায়াতের শতাধিক নেতাকর্মী। এ সময় উপস্থিত ছিলেন জেলা জামায়াতের নায়েবে আমির মাহবুবুল আলম, রাজনৈতিক সেক্রেটারি রুহুল আমিন, সদর উপজেলা জামায়াতের আমির মাওলানা সোহেল রানা, পৌর জামায়াতের আমির সোহেল রানা ডলার, জেলা ছাত্রশিবিরের সভাপতি আব্দুস সালাম, সরকারি কলেজ শাখা ছাত্রশিবিরের

২-এর পৃষ্ঠা দেখুন





## বিএনপির ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী বর্ণাঢ্য র‍্যালি ও সমাবেশ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে বৃহস্পতিবার বিকেলে বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালি ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। জেলা পরিষদ চত্বরের সামনে সংক্ষিপ্ত সমাবেশের মাধ্যমে কর্মসূচির সূচনা হয়। সমাবেশে সভাপতিত্ব করেন সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ এবং প্রধান অতিথি ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান।

২-এর পৃষ্ঠা দেখুন

### অনুবাক্য

**মামুনুর রশিদ মামুন**

**খবর (অরুনের সঙ্গে সংশ্লিষ্টরা সতর্ক থাকুন)**

মেহেরপুর বিএনপি'র দুই অফিস
প্রতীক তাদের ধানের শীষ
দুই মেরুর দুই নেতার
কথায় তাদের বড় বিষ।
কেউ বলছে ছোট দল
রাখতে হবে গুছিয়ে
আরেক নেতাই বলছে অরুণ
আনছে লোক ভাড়াতে।
ধানের শীষ বলছে দুজন
বলছে নেতা তারেক জিয়া
জনতাই হচ্ছে ক্ষমতার উৎস
আমরা এখন কার মিয়া।
এখন থেকে সতর্ক হও
জনগণ কার দলে
বিএনপি করেও নাকি
যেতে না হয় তাদের জেলে



## মৃত শ্রমিকের পরিবারে ভাতা বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা ইমারত নির্মাণকারী শ্রমিক ইউনিয়নের উদ্যোগে পাঁচজন মৃত সদস্যের পরিবারের মাঝে এককালীন মৃত ভাতা প্রদান করা হয়েছে। বৃহস্পতিবার রাত ইমারত নির্মাণকারী শ্রমিক ইউনিয়ন কার্যালয়ে এ অর্থ প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ইউনিয়নের সভাপতি আব্দুল করিমের সভাপতিত্বে অনুষ্ঠানে সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম, সহ-সভাপতি সাইদুল আলম, সহসাধারণ সম্পাদক মোঃ রাসেল, সাংগঠনিক সম্পাদক আব্দুর রাজ্জাক, কোষাধ্যক্ষ খন্দকার

২-এর পৃষ্ঠা দেখুন



## শ্যামপুর ইউনিয়ন গোল্ডকাপ ফুটবলে ৪ ও ৫ নং ওয়ার্ড চ্যাম্পিয়ন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের উদ্যোগে ওয়ার্ড ভিত্তিক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে ৪ ও ৫ নং ওয়ার্ড চ্যাম্পিয়ন হয়েছে। গতকাল বৃহস্পতিবার (৪ সেপ্টম্বর) বিকালে সদর উপজেলার ঝাওবাড়িয়া সত্য সন্ধ ক্লাব মাঠে অনুষ্ঠিত ফাইনাল খেলায় ৪ ও ৫ নং

২-এর পৃষ্ঠা দেখুন


হৃদয়ে লাল সবুজ
আমাদের সূর্যোদয় এখন
পত্রিকাতেও যেমন, ওয়েবেয়েও তেমন
প্রতিদিনের পত্রিকা অনলাইনে দেখতে ক্লিক করেন
www. amadersurjodoy.com
আমাদের সূর্যোদয়
প্রধানসড়ক, হোটেল বাজার,মেহেরপুর।
মোবাইল :01714938647

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ শুক্রবার ॥ ২১ ভাদ্র ১৪৩২ বাংলা ॥ ৫ সেপ্টেম্বর ২০২৫ইং

# জমি ও ফ্ল্যাট নিবন্ধন ব্যয় আরও কমল

**নতুন নিয়ম অনুযায়ী রাজধানীতে ফ্ল্যাট ও জমি নিবন্ধনে ব্যয় হবে ১২ দশমিক ৫ শতাংশ। অর্থাৎ ১ কোটি টাকার ফ্ল্যাট বা জমি নিবন্ধনে দিতে হবে সাড়ে ১২ লাখ টাকা। নতুন বাজেটে জমি বা ফ্ল্যাট নিবন্ধনের ক্ষেত্রে উৎসে কর উল্লেখযোগ্য হারে কমানো হয়েছে। ঢাকা ও চট্টগ্রাম সিটি করপোরেশন এলাকায় করহার ৮ থেকে কমে ৫ শতাংশ। অন্যান্য সিটি করপোরেশনে ৬ থেকে কমে ৩ শতাংশ।**

সূর্যোদয় প্রতিবেদন

সরকার জমি ও ফ্ল্যাট নিবন্ধনে ব্যয় কমানোর উদ্যোগ নিয়েছে। ২০২৫-২৬ অর্থবছরের বাজেট অনুমোদনের সময় নিবন্ধন কর আরেক দফা হ্রাস করা হয়েছে। এর ফলে ঢাকাসহ বিভিন্ন এলাকায় সম্পত্তি নিবন্ধনে গ্রাহকদের খরচ কিছুটা কমবে। তবুও দেশের মধ্যে সবচেয়ে বেশি নিবন্ধন ব্যয় এখনো ঢাকা মহানগরে। নতুন নিয়ম অনুযায়ী রাজধানীতে ফ্ল্যাট ও জমি নিবন্ধনে ব্যয় হবে ১২ দশমিক ৫ শতাংশ। অর্থাৎ ১ কোটি টাকার ফ্ল্যাট বা জমি নিবন্ধনে দিতে হবে সাড়ে ১২ লাখ টাকা। নতুন বাজেটে জমি বা ফ্ল্যাট নিবন্ধনের ক্ষেত্রে উৎসে কর উল্লেখযোগ্য হারে কমানো হয়েছে। ঢাকা ও চট্টগ্রাম সিটি করপোরেশন এলাকায় করহার ৮ থেকে কমে ৫ শতাংশ। অন্যান্য সিটি করপোরেশনে ৬ থেকে কমে ৩ শতাংশ।

পৌরসভা এলাকায় ৪ থেকে কমে ২ শতাংশ। এ ছাড়া স্ট্যাম্প শুল্ক (১.৫%), নিবন্ধন ফি (১%), স্থানীয় সরকার ফি (৩%) এবং ভ্যাট (২%৪.৫%) যুক্ত হয়ে চূড়ান্ত ব্যয় নির্ধারিত হয়। ফলে আগে যেখানে ঢাকার গুলশানে ১ হাজার ৬০০ বর্গফুট আয়তনের কম ফ্ল্যাট নিবন্ধনে ব্যয় হতো ১৫ দশমিক ৫ শতাংশ, এখন তা হবে মাত্র ১২ দশমিক ৫ শতাংশ। ২০২৩ সালে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) জমিকে ক, খ, গ, ঘ ও ঙড়মোট পাঁচ শ্রেণিতে ভাগ করে। 'ক' শ্রেণিতে রাজউক, সিডিএ, গৃহায়ণ কর্তৃপক্ষ ও ক্যান্টনমেন্ট বোর্ডের বাণিজ্যিক এলাকা। এসব সংস্থার নিয়ন্ত্রিত আবাসিক এলাকা রাখা হয়েছে 'খ' শ্রেণিতে। আবাসন কোম্পানি কর্তৃক গড়ে তোলা বাণিজ্যিক এলাকা 'গ' এবং সেসবের আবাসিক এলাকা 'ঘ'। বাকিগুলো 'ঙ' শ্রেণিতে। নতুন বাজেটে এসব শ্রেণিতেও করহার কমানো হয়েছে। 'ক' থেকে 'ঘ' শ্রেণিতে ফ্ল্যাট বা বাণিজ্যিক স্পেসে প্রতি বর্গমিটারে ৮০০ টাকা বা ৮ শতাংশের পরিবর্তে ৫ শতাংশ হারে কর দিতে হবে। আর 'ঙ' শ্রেণিতে প্রতি বর্গমিটারে ৫০০ টাকা বা ৩ শতাংশ। একই সঙ্গে বাজেটে ফ্ল্যাট ও ভবনে বিনিয়োগ করে কালোটাকা সাদা করার সুযোগ বাতিল করা হয়েছে। এর আগে প্রস্তাবিত বাজেটে এই সুবিধা বহাল ছিল। আবাসন ব্যবসায়ীদের সংগঠন রিহ্যাবের জ্যেষ্ঠ সহসভাপতি

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## ইলিশে মেলে যেসব উপকারিতা

সূর্যোদয় প্রতিবেদন

কথায় আছে, মাছে-ভাতে বাঙালি। আর মাছের মধ্যে ইলিশ হচ্ছে সবচেয়ে সেরা। স্বাদ আর পুষ্টিগুণের কারণে ইলিশ পেয়েছে মাছের রাজার মর্যাদা। ইলিশ রান্না, ভাজা,ভাপা, ঝোল - সবভাবেই খেতে মজা। এই মাছের রয়েছে বহু স্বাস্থ্যগুণ। অনেকের হয়তো জানা নেই, ইলিশ খেলে শরীরে নানা ধরনের উপকার হয়। ইলিশ মাছের তেলে প্রচুর পরিমাণে ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিড থাকায় এটি হৃদরোগের ঝুঁকি কমায়, উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণ করে। একইসঙ্গে ট্রাইগ্লিসারাইডের মাত্রা কমিয়ে শরীরকে ফিট রাখে। ইলিশ মাছে প্রচুর পরিমাণে ভিটামিন এ, ডি, ই এবং ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিড থাকায় চোখের স্বাস্থ্য ভালো রাখে। ভিটামিন এ রাতকানা রোগ প্রতিরোধ করে। চোখের দৃষ্টিশক্তি বাড়াতে ও অন্ধত্ব প্রতিরোধে ইলিশ মাছ উপকারী। শরীরে ওমেগা থ্রি ফ্যাটি অ্যাসিডের ঘাটতি দেখা দিলেই অস্টিওআর্থারাইটিস বা সাধারণ বাত রোগ দেখা দেয়। ইলিশ মাছে প্রচুর পরিমাণে ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিড থাকায় এটি বাত রোগের ঝুঁকি কমায়। গবেষণায় দেখা গেছে, সামুদ্রিক মাছ ফুসফুসের স্বাস্থ্য রক্ষায় অত্যন্ত উপকারী। যারা নিয়মিত ইলিশ মাছ খান তাদের ফুসফুস বেশি শক্তিশালী হয়। এমনকী শিশুদের হাঁপানি সারিয়ে তুলতেও উপকারী ইলিশ মাছ।

৩-এর পৃষ্ঠা দেখুন



## চুয়াডাঙ্গায় দুই ফার্মেসিকে জরিমানা

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গার বড়-বাজার ও কলেজ রোড এলাকায় অভিযানকালে দুই ফার্মেসিকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত গতকাল বৃহস্পতিবার (৪ সেপ্টম্বর) বেলা সাড়ে ১১ টা থেকে দুপুর পৌনে ১টা পর্যন্ত নকল, মেয়াদোত্তীর্ণ ও ফিজিশিয়ান স্যাম্পল জাতীয় ওষুধ বিক্রয় ও সংরক্ষণের বিরুদ্ধে অভিযান পরিচালিত হয়। অভিযান পরিচালনা করেন নির্বাহী ম্যাজিস্ট্রেট আব্দুল্লাহ আল নাঈম। অভিযানে উপস্থিত ছিলেন জেলা ওষুধ প্রশাসনের তত্ত্বাবধায়ক তাহমিদ জামিল ও জেলা পুলিশের একটি টিম। জেলা ওষুধ প্রশাসনের তত্ত্বাবধায়ক তাহমিদ জামিল জানান, নির্বাহী ম্যাজিস্ট্রেট আব্দুল্লাহ আল নাঈমের নেতৃত্বে

৩-এর পৃষ্ঠা দেখুন

## কুমারখালীর কালিগঙ্গা নদী থেকে নিখোঁজ নারীর মরদেহ উদ্ধার

কুস্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ার কুমারখালী উপজেলার বাগুলাট ইউনিয়নের দুধকুমড়া এলাকায় নদীতে গোসল করতে নেমে নিখোঁজ হওয়া নাছিমা বেগম (৪৫) নামে এক নারীর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। নিহত নাছিমা ওই এলাকার মহেদ আলীর স্ত্রী। পুলিশ ও স্থানীয়রা জানান, নাছিমা বেগম বুধবার তার স্বামী মহেদ আলীর সঙ্গে কালিগঙ্গা নদীতে গোসল করতে নেমে নিখোঁজ হন। বৃহস্পতিবার সকাল ৮টার দিকে স্থানীয়রা নদীতে ভাসমান অবস্থায় তাকে দেখতে পান। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে ময়নাতদন্তের জন্য পাঠায়। ওসি খন্দকার জিয়াউর রহমান বলেন,'সকালে এক নারীর মরদেহ নদী থেকে উদ্ধার করা হয়েছে। ময়নাতদন্তের পর মৃত্যুর কারণ নিশ্চিত করা হবে।'



## জি এম কাদের ও তাঁর স্ত্রীর দেশত্যাগে নিষেধাজ্ঞা

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় পার্টির (জাপা) চেয়ারম্যান জি এম কাদের ও তাঁর স্ত্রী শেরীফা কাদেরের বিদেশ যাত্রায় নিষেধাজ্ঞা জারি করেছেন আদালত। মনোনয়ন বাণিজ্যের মাধ্যমে অবৈধ সম্পদ অর্জন ও অর্থপাচারের অভিযোগের অনুসন্ধান চলমান থাকায় এ আদেশ দেওয়া হয়। বৃহস্পতিবার ঢাকার মহানগর ভারপ্রাপ্ত সিনিয়র স্পেশাল জজ ইব্রাহীম মিয়া দুর্নীতি দমন কমিশনের (দুদক) আবেদনের পরিপ্রেক্ষিতে এই নিষেধাজ্ঞা জারি করেন। বিষয়টি নিশ্চিত করেছেন দুদকের জনসংযোগ কর্মকর্তা আকতারুল ইসলাম। দুদকের অভিযোগপত্রে বলা হয়েছে, ২০১৮ সালের জাতীয় নির্বাচনের পর সংরক্ষিত নারী আসনে দলীয় মনোনয়ন দিতে ১৮ কোটি ১০ লাখ টাকার ঘুষ গ্রহণ করা হয়। এর মূল সুবিধাভোগী ছিলেন জাপার তৎকালীন ভারপ্রাপ্ত চেয়ারম্যান জি এম কাদের। চুক্তি অনুযায়ী পুরো অর্থ প্রদান না করায় অধ্যাপক মাসুদা

৩-এর পৃষ্ঠা দেখুন

## ডাকসু ভিপি প্রার্থী কাদেরকে সমর্থন জানাল এনসিপি

সূর্যোদয় প্রতিবেদন

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্রসংসদ সমর্থিত ভিপি (সহসভাপতি) প্রার্থী আব্দুল কাদেরকে সমর্থন জানিয়েছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। বুধবার রাতে দলটির ভেরিফায়েড ফেসবুক পেজ থেকে দেওয়া এক পোস্টে কাদেরের দীর্ঘ রাজনৈতিক সংগ্রামের কথা তুলে ধরে শিক্ষার্থীদের প্রতি তাঁকে ভোট দেওয়ার আহ্বান জানানো হয়। পোস্টে কাদেরের গ্রেপ্তারের একটি ছবি সংযুক্ত করে তাঁর অতীত আন্দোলনের প্রসঙ্গ উল্লেখ করা হয়। সেখানে বলা হয়, ২০২২ সালের অক্টোবরে আবরার ফাহাদের শাহাদাৎবার্ষিকীর প্রতিবাদ মিছিল আয়োজন করলে কাদের ও তাঁর সহপাঠীরা ছাত্রলীগের হামলার শিকার হন। এ সময় গুরুতর

৩-এর পৃষ্ঠা দেখুন




## নির্বাচনে আস্থা ফিরিয়ে আনাই চ্যালেঞ্জ: ইসি সদস্যরা

সূর্যোদয় প্রতিবেদন

স্বচ্ছ ও সুষ্ঠু নির্বাচন আয়োজনকে বড় চ্যালেঞ্জ হিসেবে দেখছে নির্বাচন কমিশন (ইসি)। কমিশনাররা বলেছেন, নির্বাচনকে ঘিরে মানুষের আস্থার সংকট একটি জাতীয় সংকট। এই আস্থা ফিরিয়ে আনা এখন সবচেয়ে বড় দায়িত্ব। এজন্য গণমাধ্যমের সহযোগিতাও চেয়েছেন তারা। বৃহস্পতিবার সকালে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে রিপোর্টার্স ফোরাম ফর ইলেকশন অ্যান্ড ডেমোক্রেসি (আরএফইডি)-এর সদস্যদের সঙ্গে মতবিনিময় সভায় এসব কথা বলেন ইসির সদস্যরা। ইসি সদস্য আনোয়ারুল ইসলাম সরকার বলেন, "আমি বা আপনারাড়কেউই আস্থার জায়গায় নেই। আস্থাহীনতা এখন জাতীয় সংকট। পারস্পরিক আস্থা ফিরিয়ে আনাই আমাদের চ্যালেঞ্জ। সবাইকে পারস্পরিক শ্রদ্ধা, বিশ্বাস ও মর্যাদা ধরে রাখার চেষ্টা করতে হবে।" অন্য এক কমিশনার আব্দুর রহমানেল মাছউদ বলেন, "সা

৩-এর পৃষ্ঠা দেখুন



## হাসিনা যদি গণভবনে মারা যেতেন, আ.লীগ বেঁচে যেত: ব্যারিস্টার ফুয়াদ

সূর্যোদয় প্রতিবেদন

আমার বাংলাদেশ পার্টির (এবি পার্টি) সাধারণ সম্পাদক ও রাজনৈতিক বিশ্লেষক ব্যারিস্টার আসাদুজ্জামান ফুয়াদ মন্তব্য করেছেন, "শেখ হাসিনা যদি গণভবনে মারা যেতেন, আওয়ামী লীগ বেঁচে যেত।" সম্প্রতি একটি বেসরকারি টেলিভিশনের আলোচনায় তিনি বলেন, অনেক রাজনৈতিক মহল এখনো বিশ্বাস করে আওয়ামী লীগ ফিরে

৩-এর পৃষ্ঠা দেখুন

## সচিবালয় ও যমুনা এলাকায় সভা-সমাবেশ নিষিদ্ধ: ডিএমপি

সূর্যোদয় প্রতিবেদন

প্রধান উপদেষ্টার নিরাপত্তা নিশ্চিত করতে রাজধানীর গুরুত্বপূর্ণ দুটি এলাকায় সব ধরনের সভা-সমাবেশ নিষিদ্ধ ঘোষণা করেছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। ডিএমপির পক্ষ থেকে জানানো হয়েছে, আগামী রোববার (৭ সেপ্টেম্বর) থেকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বাংলাদেশ সচিবালয় ও এর সংলগ্ন এলাকা এবং প্রধান উপদেষ্টার সরকারি বাসভবন যমুনা ও আশপাশের এলাকায় কোনো ধরনের সভা, সমাবেশ, মিছিল, মানববন্ধন, অবস্থান ধর্মঘট বা শোভাযাত্রা আয়োজন করা যাবে না। বৃহস্পতিবার (৪ সেপ্টেম্বর) ডিএমপি কমিশনার

৩-এর পৃষ্ঠা দেখুন



## সাহসের অভাবে পূর্ণতা পেল না বাংলাদেশের প্রস্তুতি

সূর্যোদয় প্রতিবেদন

ডাচ-বাংলা ব্যাংক সিরিজের শেষ ম্যাচে নেদারল্যান্ডসের বিপক্ষে মাঠে নেমেছিল বাংলাদেশ। সিরিজ আগেই নিশ্চিত হয়ে যাওয়ায় এই ম্যাচকে ঘিরে মূল প্রত্যাশা ছিল দলীয় পরীক্ষানিরীক্ষা। তবে পুরো প্রস্তুতিকে পূর্ণতা দেওয়ার ক্ষেত্রে শেষ পর্যন্ত থেকে গেল আফসোস।

৩-এর পৃষ্ঠা দেখুন

## শান্তি না যুদ্ধ পছন্দের দ্বিধায় বিশ্ব

সূর্যোদয় প্রতিবেদন

চীনের রাজধানী বেইজিংয়ে অনুষ্ঠিত এক বিশাল সামরিক কুচকাওয়াজে প্রেসিডেন্ট শি জিনপিং বিশ্বকে সতর্ক করেছেনড় মানবজাতি আজ শান্তি অথবা যুদ্ধের মধ্যে একটিকে বেছে নেওয়ার কঠিন মোড়ে দাঁড়িয়ে। দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপানের পরাজয়ের ৮০ বছর পূর্তিকে ঘিরে আয়োজিত এই কুচকাওয়াজে শির পাশাপাশি অতিথি আসনে ছিলেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ও উত্তর কোরিয়ার নেতা কিম জং উন। পশ্চিমা নেতারা এ আয়োজন থেকে দূরে থাকলেও এশীয় শক্তিগুলোর এই যৌথ উপস্থিতি নজর কেড়েছে বিশ্বরাজনীতিতে। বেইজিংয়ের ঐতিহাসিক তিয়ানআনমেন চত্বরে ৫০

৩-এর পৃষ্ঠা দেখুন

## জাতীয় পার্টিকে নিষিদ্ধের দাবিতে জুলাই ঐক্যের হুঁশিয়ারি

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় পার্টি ও আওয়ামী লীগের সহযোগী ১৪ দলকে নিষিদ্ধের দাবি জানিয়েছে জুলাই ঐক্য। আগামী ৯ সেপ্টেম্বরের মধ্যে এ দাবি মানা না হলে সরকারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের

৩-এর পৃষ্ঠা দেখুন

প্রযুক্তি

## স্মার্ট ডিভাইসে বাড়তি সুবিধা

সূর্যোদয় প্রতিবেদন



স্মার্ট ডিভাইসে চার্জ শেষাংশে পৌঁছালে বিপদে পড়ে যেতে হয়। তখন ফোনটি অফ হয়ে ডেড হয়ে যায়। দ্রুত ফোনের চার্জ শেষ হয়ে যাওয়া থেকে রেহাই পেতে রয়েছে বেশ কিছু কৌশল। নিয়ম মেনে চললে ব্যাটারি সক্ষমতা বাড়ানো যায় অনেকাংশে। যত ব্রাইটনেস বাড়িয়ে রাখবেন, ফোনের চার্জ তত দ্রুত শেষ হয়। এ কারণে দিনে ব্রাইটনেস বাড়ানো থাকলেও রাতের দিকে যতটা সম্ভব তা কমিয়ে রাখতে হবে। প্রতিটি স্মার্ট ডিভাইসে অটো ব্রাইটনেস মোড অপশন রয়েছে। এটি সক্রিয় রাখলে আলোর ওপর নির্ভর করে ব্রাইটনেস স্বয়ংক্রিয় নিয়ন্ত্রিত হয়। নিজের যে ডিভাইসটি ব্যবহার করছেন, কতক্ষণের মধ্যে ফোনের স্ক্রিন লক হবে, তা নির্ভর করে স্ক্রিন টাইমআউটের ওপর। অ্যান্ড্রয়েডের সব ফোনের সেটিংসে রয়েছে ডিসপ্লে অপশন। সেখানেই রয়েছে স্ক্রিন টাইমআউট অপশন। ওই অপশনে ক্লিক করে স্ক্রিন টাইম বাড়ানো বা কমানো যায়। ডিভাইসে স্ক্রিন টাইমআউট যত কম সময় রাখা যাবে, ততটা ব্যাটারি সাশ্রয় হবে। পূর্ণ চার্জে ডিভাইসে যেন দীর্ঘক্ষণ ব্যাটারির চার্জ থাকে, সে

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর

পরীক্ষাসমূহ ✓ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✓ এক্স-রে ✓ আল্ট্রাসনোগ্রাফি ✓ হরমন এনালাইসিস ✓ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✓ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✓ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫

মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব

আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।

সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮

উরোলজি বিশেষজ্ঞ
ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।

মেডিসিন বিশেষজ্ঞ
ডা. মো. আতিকুর রহমান
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।

নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা|
ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।

সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।

ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)

আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, শুক্রবার, ৫ সেপ্টেম্বর ২০২৫ ইং

## “ডিসির অঙ্গীকার: শিক্ষায় অগ্রগামী হবে মেহেরপুর”

মেহেরপুরের নবাগত জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় যে প্রত্যয় ব্যক্ত করেছেন, তা নিঃসন্দেহে জেলার ভবিষ্যৎ উন্নয়নের দিকনির্দেশনা হয়ে উঠতে পারে। বিশেষ করে তিন থেকে ছয় মাসের মধ্যে মেহেরপুরকে শতভাগ সাক্ষরতার জেলা হিসেবে গড়ে তোলার পরিকল্পনা প্রশংসনীয়। শিক্ষা একটি জাতির মেরুদণ্ড। একটি জেলার শিক্ষা ব্যবস্থা উন্নত হলে কৃষি, শিল্প, স্বাস্থ্য, সংস্কৃতিড়সব ক্ষেত্রেই ইতিবাচক পরিবর্তন আসে। তাই জেলা প্রশাসকের এ উদ্যোগকে বাস্তবায়ন করতে হলে সরকারি ও বেসরকারি উদ্যোগের পাশাপাশি স্থানীয় জনগণকেও সম্পৃক্ত করতে হবে। তিনি কৃষি খাতের গুরুত্বের কথা উল্লেখ করেছেন। মেহেরপুর কৃষিনির্ভর জেলাড়এখানে কৃষকদের পরিশ্রমই অর্থনীতির প্রধান চালিকা শক্তি। কৃষি উৎপাদনশীলতা বাড়াতে আধুনিক প্রযুক্তি, প্রশিক্ষণ এবং বাজার ব্যবস্থাপনার দিকে নজর দেওয়া অত্যন্ত জরুরি। কৃষকের ন্যায্য মূল্য নিশ্চিত না হলে কৃষি উন্নয়নও টেকসই হবে না। সভায় সাংবাদিকদের ‘রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ’ হিসেবে অভিহিত করে জেলা প্রশাসক যেভাবে তথ্যপ্রবাহের গুরুত্ব তুলে ধরেছেন, তা গণমাধ্যমের প্রতি তার ইতিবাচক মনোভাবের প্রমাণ। সাংবাদিকদের সঙ্গে প্রশাসনের সেতুবন্ধন যত মজবুত হবে, জনগণের কাছে সঠিক তথ্য পৌঁছানো তত সহজ হবে। একই সঙ্গে মেহেরপুর জেনারেল হাসপাতালের নতুন ভবন, গাংনী ডিসি ইকো পার্ক, ক্রীড়া সংস্থার কার্যক্রমসহ অন্যান্য উন্নয়ন প্রকল্পের কথা উল্লেখ করে তিনি উন্নয়ন পরিকল্পনার ধারাবাহিকতার যে বার্তা দিয়েছেন, তা আশাব্যঞ্জক। আমাদের বিশ্বাস, যদি জেলা প্রশাসকের ঘোষিত লক্ষ্যসমূহ সঠিকভাবে বাস্তবায়িত হয়, তবে মেহেরপুর শিগগিরই শতভাগ সাক্ষরতা অর্জনের পাশাপাশি কৃষি, স্বাস্থ্য ও ক্রীড়াক্ষেত্রেও নতুন দিগন্ত উন্মোচন করবে। এ জন্য প্রয়োজন জেলা প্রশাসন, সাংবাদিক সমাজ, জনপ্রতিনিধি এবং সাধারণ মানুষের সম্মিলিত প্রচেষ্টা।

## ডিসি ইকো পার্কের অনিয়মের সন্ধানে

(প্রথম পৃষ্টার পর)

অভিযোগ করেছেন, শিশুদের রাইড অচল হয়ে ঝুঁকিপূর্ণ অবস্থায় পড়ে আছে, পিকনিক সেড নির্মাণ হয়নি, ওয়াশরুমের অবস্থা নাজুক। সবচেয়ে বড় অনিয়ম হয়েছে মাটি ভরাটে। শর্ত ছিল বাইরে থেকে মাটি কিনে ভরাট করার, কিন্তু পার্কের সামনের বধ্যভূমি থেকে ড্রেজার দিয়ে মাটি কেটে এনে ভরাট করা হয়েছে। এ ঘটনায় এলাকাবাসীর মধ্যে ক্ষোভ ও সমালোচনা দেখা দিয়েছে। তারা বলেন, সরকারি অর্থে উন্নয়ন প্রকল্প হাতে নেওয়া হলেও পিআইওর অব্যবস্থাপনা ও দুর্নীতির কারণে জনগণ সুফল পাচ্ছে না। অভিযান শেষে দুদক কর্মকর্তা বিজয় কুমার রায় সাংবাদিকদের বলেন, “অভিযোগগুলো খতিয়ে দেখা হচ্ছে। অনিয়ম-দুর্নীতির প্রমাণ পাওয়া গেলে আইনি ব্যবস্থা নেওয়া হবে।” সচেতন মহল মনে করছে, এই অভিযানের মধ্য দিয়ে গাংনী উপজেলা পিআইও অফিসের দীর্ঘদিনের অনিয়ম ও দুর্নীতির চিত্র উন্মোচিত হবে।

## মেহেরপুরে সরকারি পেঁয়াজ বীজে

(প্রথম পৃষ্টার পর)

সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক সামসুল আলম বলেন, “আমি জেলা কমিটিকে কোনো কোম্পানি থেকে বীজ কিনতে বলিনি। তারা নিজেদের মতো করে সিদ্ধান্ত নিয়েছে। পরে বীজ ভালো না হওয়ায় ফেরত দেয়া হয়েছে।” কৃষকদের দাবি, গ্রীষ্মকালীন পেঁয়াজ আবাদে বিলম্ব ও মানহীন বীজ বিতরণের দায় কৃষি বিভাগেরকেই নিতে হবে।

## ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে ৩ জনের মৃত্যু,

(প্রথম পৃষ্টার পর)

ও ৫৯ জন নারী। এছাড়া, এ বছর এখন পর্যন্ত ডেঙ্গুতে আক্রান্ত হয়ে ৩৩ হাজার ৩০৯ জন হাসপাতালে ভর্তি হয়েছেন।

## আজ মেহেরপুরে আসছেন প্রধান

(প্রথম পৃষ্টার পর)

সফরকালে তিনি সার্কিট হাউসেই অবস্থান করবেন। সফরের অংশ হিসেবে বিকেল ৪টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে সারের ব্যবহার ও বিপণন সংশ্লিষ্ট কর্মকর্তা ও অংশীজনদের সঙ্গে মতবিনিময় করবেন তিনি। আগামীকাল শনিবার ভোর ৭টায় তিনি ঢাকার উদ্দেশ্যে মেহেরপুর ত্যাগ করবেন। সরকারের গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব নেওয়ার পর থেকেই জেলার উন্নয়নে নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছেন মেহেরপুরের এই কৃতী সন্তান। তাঁর অগ্রাধিকার তালিকায় রয়েছে মেহেরপুর বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠাড়ার জমি অধিগ্রহণ ও সেশন শুরুর কার্যক্রম ইতোমধ্যেই প্রায় চূড়ান্ত পর্যায়ে। পাশাপাশি মেহেরপুর জেনারেল হাসপাতালের সমস্যার সমাধান, স্বাস্থ্যসেবার মানোন্নয়ন, কৃষির টেকসই উন্নয়ন, টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (টিটিসি) আধুনিকীকরণ, কৃষি গবেষণা ইনস্টিটিউট পুনরায় চালু এবং তরুণদের দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তুলতে তিনি নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। এছাড়া অচিরেই চালু হতে যাচ্ছে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেমারেল হাসপাতালের নতুন ভবন। এই ভবন চালু হলে মেহেরপুরের স্বাস্থ্য সেবার মান বদলে যাবে। প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার এর ঐকান্তিক প্রচেষ্টার ফল হিসেবে এবার মেহেরপুর জেমারেল হাসপাতালের চিকিৎসা, নার্স, ওষুধ, পরিছন্নকর্মী সহ জনবল সমস্যার সমাধান হবে। ব্যস্ত দায়িত্বের মাঝেও তিনি প্রায় শুক্রবার মেহেরপুরে এসে স্থানীয় মানুষের সঙ্গে মতবিনিময় করেন এবং প্রশাসনিক সভার মাধ্যমে এলাকার সমস্যা সমাধানে উদ্যোগ নেন। স্বল্প সময়েই মেহেরপুরবাসীর কাছে একজন নিবেদিতপ্রাণ উন্নয়নকর্মী হিসেবে তিনি ব্যাপক পরিচিতি লাভ করেছেন।

## মেহেরপুরে বিশেষ অভিযানে দুই

(প্রথম পৃষ্টার পর)

আদালতে প্রেরণ করা হয়েছে। পুলিশের পক্ষ থেকে জানানো হয়, জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

## মেহেরপুরে নবাগত জেলা প্রশাসকের

(প্রথম পৃষ্টার পর)

মোহাম্মদ আবদুল ছালাম। বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক মো. তরিকুল ইসলাম, তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা সামিউল হক, সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম, মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক সিদ্দিকুর রহমান এবং সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুল লতিফ। এ ছাড়া বক্তব্য দেন মেহেরপুর জেলা জামায়াতে ইসলামীর আমীর মাওলানা তাজ উদ্দীন খান, নায়েবে আমীর মাহবুব উল আলম, জেলা মুক্তিযোদ্ধা সংসদের আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা শামসুল আলম সোনা, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক রোমানা আহমেদ, হাফিজুর রহমান হাফি, আলমগীর হোসেন, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, আনায়ারুল হক কালু, জেলা ইমাম সমিতির সভাপতি রোকনুজ্জামান ও সাধারণ সম্পাদক মো. সিরাজ উদ্দিন। সভায় আরও উপস্থিত ছিলেন জেলা এনজিও সমিতির সভাপতি মোশারফ হোসেন, সাধারণ সম্পাদক আবু জাফর, শাহ আলম, সাবেক কাউন্সিলর মনিরুল ইসলাম, ট্রাক-ট্যাংকলরি-কাভার্ড ভ্যান শ্রমিক ইউনিয়নের সভাপতি এস. এম. আকিব, বড়বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম, জেলা পূজা উদযাপন পরিষদের আহ্বায়ক সনজিত পাল বাপ্পি, সদস্য সচিব ড. অশোক রঞ্জন ও মাধব চন্দ্র। এ ছাড়া বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি সদর উপজেলা শাখার সভাপতি শফিকুল ইসলাম মিন্টু এবং সাধারণ সম্পাদক মীর ওয়াহিদ সাদিকসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ মতবিনিময় সভায় অংশ নেন। সভায় জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম বলেন, “মেহেরপুরের উন্নয়নে সকলের সহযোগিতা প্রয়োজন।” এ ব্যাপারে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

# অপরাধ প্রবণতার সামাজিক দায়

মিজানুর রহমান অপু



আমাদের সমাজে যে অপরাধগুলো বারবার ঘটছে, সেগুলো কেবল আইনভঙ্গের বিষয় নয়; এর শেকড় অনেক গভীরে, সামাজিক কাঠামো ও মূল্যবোধের ভেতরে গেঁথে আছে। বাংলাদেশ দণ্ডবিধিতে অপরাধের বিস্তৃত তালিকা থাকলেও শারীরিক আঘাত, সম্পত্তি আত্মসাৎ, দুর্নীতি, জাল কাগজ, যৌন নির্যাতন কিংবা ভোটকেন্দ্রিক অনিয়মড়এসবের প্রতিকার কেবল শাস্তি দিয়েই সম্ভব নয়। কারণ, অপরাধপ্রবণতা জন্ম নেয় সমাজের দুর্বল নৈতিক ভিত্তি ও নেতৃত্ব সংকট থেকে। সমাজের নেতৃত্বে যারা আছেনড়রাজনীতিক, জনপ্রতিনিধি, পেশাজীবী সংগঠনের নেতাড়তাদের নৈতিক দুর্বলতা অনেক সময় অপরাধকে প্রশ্রয় দেয়। সাধারণ মানুষের মধ্যেও নৈতিকতা-বোধ যখন দুর্বল, তখন এই দুই ধারা একত্র হয়ে অপরাধীকে ইন্ধন জোগায়। যেমন পরীক্ষায় নকল করা বা নিজের সম্পর্কে মিথ্যা বলাড় এসব সমাজে এখনো বড় অন্যায় হিসেবে ধরা হয় না। এর ফলেই সামাজিক ব্যাধি প্রজন্ম থেকে প্রজন্মে ছড়িয়ে পড়ে। অন্যায় যখন চোখ-সওয়া হয়ে যায়, তখন তা আর অন্যায় বলে মনে হয় না। শহর-গ্রামে অনেক শ্রমজীবী নারী স্বামীর নির্যাতন বা পরিত্যাগের শিকার হলেও সমাজ এ নিয়ে মাথা ঘামায় না। অন্যদিকে স্বামীদের সামাজিক জীবন নির্বিঘ্নে চলতে থাকে। আইনের শরণাপন্ন হওয়ার মতো অর্থ, বুদ্ধি বা প্রভাব এসব নারীর থাকে না। ফলে অন্যায় টিকে যায়, ন্যায়ের সুযোগ হারিয়ে যায়। দল বা সংগঠন প্রায়ই নৈতিকতার চেয়ে দলের স্বার্থকে বড় করে দেখে। কোনো অপরাধী যদি আলোচনায় না আসে, তাকে দলে রাখা হয়; আবার রাষ্ট্রীয় সংস্থা হস্তক্ষেপ করলে তখন বহিষ্কার দেখানো হয়। এতে প্রকৃত বার্তা যায় উল্টো পথেড়অন্যায় করেও বড় পদে থাকা যায়। এতে করে অপরাধপ্রবণতা আরও জোরদার হয়। বছরের পর বছর সামাজিক অবক্ষয় সহ্য করতে করতে আমরা এক ধরনের “কম্প্রোমাইজড স্ট্যান্ডার্ড” গড়ে তুলেছি। এখন অফিসে দেরিতে আসা, ফাইল খুঁজে পেতে সুবিধা দিতে বাধ্য করা এসব আর বড় কিছু মনে হয় না। অথচ এমন ক্ষুদ্র ক্ষুদ্র অনিয়মই পরে বড় অপরাধের জন্ম দেয়। এ অবস্থার পরিবর্তনে প্রয়োজন সাহসী, জ্ঞানী, নিঃস্বার্থ ও বিবেকবান নেতৃত্ব, যারা কথায় নয়, কাজে উদাহরণ স্থাপন করবেন। মানুষ যদি দেখে, নেতা-নেত্রীরাও একই অপরাধ প্রবণতায় ভুগছেন, তবে সমাজ উন্নতি নয়, অবনতির দিকে যাবে। কিন্তু যদি বার্তা যায়ড়অপরাধ করলে কাউকে ছাড় দেওয়া হবে না, তখনই পরিবর্তন আসবে। স্থানীয় সরকার, প্রশাসন ও সংসদ সদস্যরা এ ক্ষেত্রে কার্যকর ভূমিকা রাখতে পারেন।

তাঁরা যদি সম্পদের সঠিক ব্যবহার নিশ্চিত করেন এবং অন্যায়ের বিরুদ্ধে ভীতি সৃষ্টি করেন, তবে সমাজে ইতিবাচক পরিবর্তন আসবে। অন্যথায় প্রশ্রয় ও স্বজনপ্রীতি সামাজিক অগ্রগতিকে ধ্বংস করে দেবে। তাই রাজনৈতিক দল ও সামাজিক প্রতিষ্ঠানগুলোকে যোগ্য, নৈতিক ও দায়িত্বশীল মানুষকে নেতৃত্বে আনার বিকল্প নেই। ভবিষ্যতের বাংলাদেশ গড়তে এটাই সবচেয়ে জরুরি পদক্ষেপ।

# কপাল খারাপ: ভুল ধারণা নাকি ঈমানি দুর্বলতা?

মাওলানা আবদুর রশিদ

আমাদের সমাজে খুবই পরিচিত একটি কথা “কপাল খারাপ!” চাকরি না পাওয়া, পরীক্ষায় ব্যর্থ হওয়া, ব্যবসায় ক্ষতি কিংবা কোনো অপ্রত্যাশিত ঘটনায় আমরা সহজেই বলে ফেলিড়ভাগ্য খারাপ। কথাটি আপাতদৃষ্টিতে স্বাভাবিক মনে হলেও এর ভেতরে লুকিয়ে আছে এক ধরনের আক্ষেপ, এমনকি ঈমানের দিক থেকেও প্রশ্নের জন্ম দেয়। ইসলামে তাকদির মানে হলো আল্লাহর পূর্বনির্ধারিত সিদ্ধান্ত, যা তাঁর অসীম জ্ঞান ও হিকমতের প্রতিফলন। কোরআনে স্পষ্ট বলা হয়েছে “আল্লাহ কোনো জাতির অবস্থা পরিবর্তন করেন না, যতক্ষণ না তারা নিজেদের অবস্থা পরিবর্তন করে।” রাসুলুল্লাহ (সা.)-এর হাদিসেও এসেছে “দোয়া আল্লাহর ফয়সালাকে পরিবর্তন করতে পারে এবং নেক আমল আয়ু বৃদ্ধি করতে পারে।” অর্থাৎ, মানুষ চেষ্টা করবে, দোয়া করবে, আল্লাহর উপর ভরসা রাখবে। শুধু ভাগ্যের দোহাই দিয়ে বসে থাকা ইসলামের শিক্ষা নয়। “কপাল খারাপ” বললে অন্তত দুটি সমস্যা তৈরি হয়। ১. এটি আল্লাহর সিদ্ধান্তের প্রতি অসন্তুষ্টির বহিঃপ্রকাশ। ২. মানুষ নিজের দায়িত্ব থেকে মুক্ত হওয়ার অজুহাত খুঁজে পায়। রাসুল (সা.) সতর্ক করেছেন “তোমরা যেন না বলো, হায়, আমার সময় খারাপ! কারণ আল্লাহই সময়ের নিয়ন্ত্রক।” (সহিহ মুসলিম)। ইমাম নববি ও ইবনে তাইমিয়া (রহ.) দুজনেই এ বিষয়ে বলেছেন, ভাগ্যকে দায়ী করা মানে আল্লাহর হিকমতকে অস্বীকার করা। ধর্মীয় দৃষ্টিকোণের পাশাপাশি মনোবিজ্ঞানও বলছে, এ ধরনের চিন্তায় রয়েছে ভয়াবহ ক্ষতি। গবেষণা বলছে, যারা ভাগ্যকে দায়ী করে তারা জীবনের প্রতি ৭০ শতাংশের বেশি ক্ষেত্রে মোটিভেশন হারায়। হতাশা ও ডিপ্রেশনও বাড়ে। একজন ছাত্র পরীক্ষায় ফেল করে যদি বলে, “আমার কপালেই তো ফেল” তাহলে সে পড়াশোনার আগ্রহ হারাবে। অথচ ইসলাম শেখায়, আল্লাহর উপর ভরসা রেখে নতুন করে চেষ্টা করো।

## নবীন বরণ ও বিদায় সংবর্ধনায় বাংলা

(প্রথম পৃষ্টার পর)

মেহেরপুর সরকারি মহিলা কলেজে প্রাণবন্ত সাংস্কৃতিক পরিবেশনা প্রধান অতিথি ছিলেন অধ্যক্ষ প্রফেসর আব্দুল ওয়াদুদ এবং বিশেষ অতিথি ছিলেন উপাধ্যক্ষ প্রফেসর আবদুল্লাহ আল আমিন, শিক্ষক পরিষদের সম্পাদক আবদুল হামিদ ও মিরাজ উদ্দিন বক্তব্য রাখেন। তারা নবীন ছাত্রছাত্রীদের জন্য শুভকামনা জানিয়ে বিদায়ী শিক্ষার্থীদের সফল ভবিষ্যতের জন্য আশীর্বাদ করেন।

সংবর্ধনা অনুষ্ঠানে মনোমুগ্ধকর সাংস্কৃতিক পরিবেশনা বিশেষভাবে নজর কেড়েছে। বেতার ও টেলিভিশন শিল্পী আশরাফ মাহমুদ ও মতিউর রহমান রবীন্দ্রসংগীত পরিবেশন করেন। এছাড়া , অনিন্দিতা সরকার, তানজিম তাহসিন হক মোহনা, মানসী হক বাঁধন, অনিক হাসান,এইচ এম রাকিব, এড্রিয়া সরকার, পৌলোমী কুণ্ডু, পৃথা বিভিন্ন গানের মাধ্যমে অনুষ্ঠানের আয়োজনকে আরও প্রাণবন্ত করেন। শিক্ষার্থী ও অতিথিরা অনুষ্ঠানের প্রতিটি মুহূর্ত উপভোগ করেন এবং এটি ছিল একটি আনন্দঘন ও স্মরণীয় দিন, যা বাংলা বিভাগের শিক্ষার্থীদের জন্য আনন্দ ও উচ্ছ্বাসের একটি বিশেষ অধ্যায় হিসেবে স্মৃতিতে থাকবে।

## আমজাদ হোসেন

(প্রথম পৃষ্টার পর)

কিছু বুঝতে পারছি না, তবে সেটা আপনাদের ভুল হবে। আমরা ৪০ বছর মানুষকে পড়াই, সেই যোগ্যতা নিয়েই আজ কথা বলছি। গাংনী থেকে ষড়যন্ত্র ভুলে যান। ইউএনওসহ উপজেলা প্রশাসনের সবাইকে বলছি যদি ব্যতিক্রম করেন, তবে উপজেলা প্রশাসন ঘেরাও করে জনসভা হবে।” নিজের রাজনৈতিক জীবনের অভিজ্ঞতা তুলে ধরে তিনি বলেন, “১৭ বছর জেল খেটেছি, ১৯টি মামলার আসামি হয়েছি। এর মধ্যে ৫টি মামলা দ্রুত বিচার ট্রাইব্যুনালে গিয়েছিল। ভাগ্য ভালো, মায়ের দুধের জোরে একজন উকিলের পরামর্শে আপিল করেছিলাম বলেই আজও বেঁচে আছি। দেশে অনেক নেতাকর্মীর জেল হতে দেখেছি।” সভায় সভাপতিত্ব করেন গাংনী সরকারি ডিগ্রি কলেজের সাবেক উপাধ্যক্ষ অধ্যাপক নাসির উদ্দিন। এ সময় মেহেরপুর জেলা কৃষকদলের সদস্য সচিব মিজানুর রহমান, উপজেলা বিএনপির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক সাজিদুর রহমান বুলবুল, সাবেক পৌর কাউন্সিলর নাসির উদ্দীন, রাইপুর ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, সাংগঠনিক সম্পাদক জাকারিয়া ইসলাম, ধানখোলা ইউনিয়নের সাবেক যুগ্ম সম্পাদক নূর ইসলাম, সাবেক সম্পাদক শফিউর রহমান টমা, কাথুলি ইউনিয়নের সাবেক সম্পাদক রবিউল ইসলাম, জেলা বিএনপির সাবেক উপ-দপ্তর সম্পাদক সাহিনুর রহমান, কাজিপুরের নেতা গোলাম কিবরিয়া মিঠু, সাবেক ইউপি সদস্য লিটন, পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক আহসানুল হক সুমন, জেলা যুবদলের সাবেক সদস্য আব্দুর মতিনসহ উপজেলা ও পৌর বিএনপি এবং অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

## মৃত শ্রমিকের পরিবারে ভাতা বিতরণ

(প্রথম পৃষ্টার পর)

নাফিজুর, প্রচার সম্পাদক মিলন আলী, দপ্তর সম্পাদক মোতালেব শেখ, শ্রম কল্যাণ সম্পাদক মাহবুব আলম লিটন, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক ইসরাফিল হোসেনসহ কার্যনির্বাহী সদস্যরা উপস্থিত ছিলেন।মৃত শ্রমিক সদস্যদের পরিবারগুলোর মধ্যে ১৫ হাজার টাকা করে বিতরণ করে মোট ৭৫ হাজার টাকা প্রদান করা হয়।

## শ্যামপুর ইউনিয়ন গোল্ডকাপ ফুটবলে

(প্রথম পৃষ্টার পর)

ওয়ার্ড টাইব্রেকারে ৪-২ গোলে ১, ২ ও ৩ নং ওয়ার্ডকে পরাজিত করে শিরোপা জিতে নেয়। নির্ধারিত সময়ে কোনো গোল না হওয়ায় টাইব্রেকারের মাধ্যমে চূড়ান্ত বিজয় নির্ধারণ করা হয়। বিজয়ী দলের পক্ষে সজীব, রাসেল, শাহিন ও জিহাদ এক-একটি গোল করেন। ১, ২, ৩ নং ওয়ার্ডের পক্ষে তাসিম ও সাব্বির গোল করলেও শাকিলের কিক প্রতিপক্ষ গোলরক্ষক স্বাধীন আটকে দেন। ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হন সুমন, আর ম্যান অব দ্যা টুর্নামেন্টের খেতাব পান শাহিন। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। শ্যামপুর ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান এস এম ইকবাল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রশাসনিক কর্মকর্তা শাহিনুজ্জামান। এছাড়া ইউনিয়নের অন্যান্য সদস্য ও কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

## মেহেরপুরে বিএনপি নেতাদের হাতে

(প্রথম পৃষ্টার পর)

গাংনী উপজেলার মাইলমারী গ্রামের শহিদুল ইসলামের ছেলে। বিএনপির দলীয় সূত্র জানায়, ২০২৩ সালে বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকীর কর্মসূচি চলাকালে ছাত্রলীগের নেতা-কর্মীরা অফিসে হামলা চালিয়ে সেখানে থাকা চেয়ারটেবিল, জিয়াউর রহমান ও বেগম খালেদা জিয়ার ছবি ভাঙচুর ও জাতীয় পতাকা পুড়িয়ে দেন। দীর্ঘ সময় পর সেই কার্যালয়ের সামনে থেকে তাকে শনাক্ত করেন বিএনপি নেতা-কর্মীরা। সঙ্গে সঙ্গে তারা একত্রিত হয়ে তাকে আটক করেন। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বানী ইসরাইল বলেন, ‘বিএনপির অফিস ভাঙচুর ও ছবি পোড়ানোর মামলায় ছাত্রলীগের ওই নেতাকে কোটে প্রেরণ করা হয়েছে।’

## বিএনপির ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী

(প্রথম পৃষ্টার পর)

সমাবেশের পর বের হওয়া র‌্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে ড. শামসুজ্জোহা পার্কে এসে সমাপ্ত হয়। অনুষ্ঠানে জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সাবেক সদস্য ইলিয়াস হোসেন, আলমগীর খান ছাতু, হাফিজুর রহমান হাপি, মীর ফারুক, সাংগঠনিক সম্পাদক রোমানা আহম্মেদ, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হক মিন্টু, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফ ও সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনাসহ অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

## মেহেরপুরে ইসলামী আন্দোলন

(প্রথম পৃষ্টার পর)

জোরালো স্লোগান দেন। বিকেলে শুরু হওয়া শোভাযাত্রা সন্ধ্যা পর্যন্ত চলে। মুজিবনগরে পৌঁছে সেখানে সংক্ষিপ্ত বক্তব্যের পাশাপাশি বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়। নেতা-কর্মীরা এই শোভাযাত্রার মাধ্যমে দলীয় ঐক্য এবং প্রার্থীর প্রতি সমর্থন প্রকাশ করেন।

## মেহেরপুরে জামায়াতের গণসংযোগ

(প্রথম পৃষ্টার পর)

সভাপতি কামরুজ্জামান নাহিদসহ বিভিন্ন ওয়ার্ডের নেতৃবৃন্দ।

## মেহেরপুরে দুই মামলায় একাধিক

(প্রথম পৃষ্টার পর)

জরিমানা অনাদায়ে আরও ১৫ দিনের কারাদণ্ড ভোগরে আদেশ দেন তিনি। জানা যায়, ২০২৪ সালের ২৪ ফেব্রুয়ারি মেহেরপুর সদর থানার এসআই মেজবাহুর দারাইন গোপন সংবাদের ভিত্তিতে গোভিপুর গ্রামে অভিযান চালিয়ে ৫ গ্রাম হেরোইনসহ তাদের আটক করেন। উভয়ের বিরুদ্ধে পূর্বেও একাধিক মামলা বিচারাধীন ছিল। অপরদিকে, গাংনী উপজেলার জমিসংক্রান্ত বিরেধের জের ধরে একটি বাড়িতে হামলার অপরাধে একজনকে ২ বছরের ারাদন্ড ও সাত জনকে ১ বছরের কারা দন্ডের নির্দেশ দিয়েছেন। আদালত সূত্রে জানা গেছে, মামলায় মোঃ সেন্টু মিয়াকে দণ্ডবিধির ৩২৫ ধারায় দোষী সাব্যস্ত করে ২ বছরের কারাদণ্ড ও ৫ হাজার টাকা জরিমানা প্রদান করা হয়েছে। একই মামলায় শুকুর আলী, রইস উদ্দিন, মোঃ বাবলু মিয়া, মোঃ শফিকুল ইসলাম, মোঃ আতিয়ার রহমান, মোঃ মজিবর রহমান ও মোঃ তোজাম্মেল হকের বিরুদ্ধে দণ্ডবিধির ৩২৩ ধারায় দোষ প্রমাণিত হওয়ায় প্রত্যেককে ১ বছরের কারাদণ্ড ও ১ হাজার টাকা জরিমানা দেওয়া হয়েছে। জরিমানা অনাদায়ে আরও ১০ দিনের কারাদণ্ডর রায় দেন আদালত। তবে আসামি মোঃ আনারুল ইসলামের বিরুদ্ধে অভিযোগ প্রমানিত না হওয়ায় তাকে খালাসের আদেশ দিয়েছে আদালত। মামলার বিবরণে জানা গেছে, ২০১৯ সালের ২০ এপ্রিল জমিজমা সংক্রান্ত বিরোধের জেরে গাংনী উপজেলার একটি বাড়িতে হামলার ঘটনা ঘটে। আসামিরা লাঠি, লোহার রড, দা, হাসুয়া ও কাঠের বাটাম ব্যবহার করে বাদী পক্ষের সদস্যদের মারধর করেন। গুরুতর আহতদের স্থানীয়রা উদ্ধার করে গাংনী হাসপাতালে ভর্তি করেন।

## এজলাসে বিচারকের সামনে সাংবাদিককে মারধর

সূর্যোদয় প্রতিবেদন

ঢাকার শাহবাগ থানার সন্ত্রাস বিরোধী আইনের মামলায় জামিন শুনানির সময় আদালতে সাংবাদিক মারধরের ঘটনা ঘটেছে। এ ঘটনায় বেসরকারি টেলিভিশন ‘সময় টিভি’র প্রতিবেদক আসিফ মোহাম্মদ সিয়াম গুরুতর আহত হয়েছেন। বৃহস্পতিবার বিকেলে ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট হাসিব উল্লাস পিয়াসের আদালতে এ ঘটনা ঘটে। আদালতে সাংবাদিক মঞ্জুরুল আহসান পান্নার জামিন শুনানি চলাকালীন তিনি সংবাদ সংগ্রহ করতে গিয়ে এ ঘটনার শিকার হন। প্রতিবেদক সিয়াম জানান, কয়েকজন আইনজীবী হঠাৎ তার ওপর আক্রমণ চালান। তাদের মধ্যে ছিলেন অ্যাডভোকেট মহিউদ্দিন মাহি। তিনি কিল, ঘুষি ও লাথি মারে। সিয়াম গুরুতর আহত হওয়ায় তাকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। ঘটনার পর আদালত কক্ষে বিশৃঙ্খলা সৃষ্টি হওয়ায় বিচারক এজলাস থেকে নেমে যান। পরে প্রসিকিউশনের পক্ষে থাকা কাইয়ুম হোসেন নয়ন সিয়ামকে উদ্ধার করে সাক্ষীর কাঠগড়ার কাছে নিয়ে যান। মঞ্জুরুল আহসান পান্না ও লতিফ সিদ্দিকীসহ ১৬ জনকে ২৮ আগস্ট ঢাকা রিপোর্টার্স ইউনিটির একটি অনুষ্ঠানের পর আটক করা হয়েছিল। শুক্রবার তাদের কারাগারে পাঠানো হয়। এ দিন পান্নার জামিন শুনানি হয়েছিল। ঘটনা নিয়ে সিয়াম বলেন, “কোনো কারণ ছাড়াই বিচারকের সামনে আমাকে মারধর করা হয়েছে। আমি এ ঘটনার ন্যায় বিচার চাই।” অন্য সাংবাদিক মোক্তাদির রশীদ রোমিও জানান, আইনজীবীরা বিচারক কিংবা পুলিশ দেখার পরও মারধর চালায় এবং তিনি নিজেও ওই ঘটনায় অবাক ছিলেন।

## সাকিবকে ছাড়িয়ে, মাহমুদউল্লাহকে ছুঁয়ে লিটনের রেকর্ড উৎসব

সূর্যোদয় প্রতিবেদন

নেদারল্যান্ডসের বিপক্ষে সিরিজটা বাংলাদেশ দলের জন্য যেমন সফল, তেমনি লিটন দাসের জন্যও একেবারেই বিশেষ। ব্যাট হাতে দুর্দান্ত ফর্মে থেকে দলকে সিরিজ জেতার পাশাপাশি নিজেও ছুঁয়ে ফেলেছেন একের পর এক রেকর্ড। সিরিজ শেষে তাই স্বাভাবিকভাবেই সেরা খেলোয়াড়ের পুরস্কার উঠেছে তার হাতে। এশিয়া কাপের আগে যখন তার ব্যাট থেকে রান আসছিল না, তখন শঙ্কা তৈরি হয়েছিল। কিন্তু নেদারল্যান্ডসের বিপক্ষে তিন ম্যাচে ১৪৫ রান করে লিটন দাস যেন সব সংশয় দূর করে দিয়েছেন। প্রথম ও শেষ ম্যাচে দুটি ফিফটির সাহায্যে তার ফিফটির সংখ্যা দাঁড়িয়েছে ১৪-তে। তাতেই তিনি ভেঙে দিয়েছেন সাকিব আল হাসানের রেকর্ড। এতদিন সাকিব ছিলেন ১৩টি ফিফটি নিয়ে শীর্ষে, এবার তালিকার এক নম্বরে জায়গা করে নিলেন লিটন। শুধু তাই নয়, শেষ ম্যাচে তার ব্যাট থেকে এসেছে ৪টি ছক্কা। আর এ দিয়েই তিনি ছুঁয়ে ফেলেছেন মাহমুদউল্লাহ রিয়াদের রেকর্ড। বাংলাদেশের হয়ে টি-টোয়েন্টিতে এখন সর্বোচ্চ ৩১টি ছক্কার মালিক দুইজনড়লিটন দাস ও মাহমুদউল্লাহ রিয়াদ। অধিনায়ক হিসেবেও লিটন গড়েছেন আরেকটি অনন্য কীর্তি। বাংলাদেশের ইতিহাসে প্রথমবারের মতো কোনো অধিনায়ক টানা তিনটি সিরিজ জয়ের স্বাদ পেলেন তিনি। তবে ব্যক্তিগত রেকর্ড নিয়ে খুব একটা ভাবেন না লিটন দাস। ম্যাচ শেষে তার বক্তব্যেই মিলল সেই প্রমাণড়

‘আমি কখনও রেকর্ডের জন্য খেলি না। অনেক সময় অ্যাটাকিং ক্রিকেট খেলতে গিয়ে আমার ফিফটি হাতছাড়া হয়েছে। যদি রেকর্ডের জন্য খেলতাম, তাহলে হয়তো সেসব সময় ভিন্নভাবে ব্যাট করতাম।’ বাংলাদেশের জয় ও লিটনের একের পর এক রেকর্ড মিলে তাই সিরিজটা হয়ে রইল স্মরণীয়।

## গুজরাটের ইলিশে সয়লাব কলকাতা, পূজার আগে তাকিয়ে বাংলাদেশের দিকে

সূর্যোদয় প্রতিবেদন

আর মাত্র কয়েকদিন পরেই হিন্দু সম্প্রদায়ের সবচেয়ে বড় উৎসব দুর্গাপূজা। এমন উৎসবের সময়ে বাঙালির ভোজে ইলিশ মাছ থাকবে না, তা যেন কল্পনাই করা যায় না। তবে এপার বাংলার বাঙালিদের কাছে ইলিশ মানেই ওপার বাংলার পদ্মার রূপালি স্বাদ। প্রতি বছর পূজার ঠিক আগে পশ্চিমবঙ্গের বাজার ভরে ওঠে বাংলাদেশের ইলিশে। কিন্তু এবছর পরিস্থিতি ভিন্ন। এখনো পর্যন্ত সীমান্ত পেরিয়ে ওপার বাংলার বাজারে আসেনি বাংলাদেশের ইলিশ। তবুও কলকাতার বাজারে চলছে ইলিশের জোয়ারড়তবে সেটি গুজরাট থেকে আসা ইলিশে। বাংলাদেশের ইলিশ না আসায় গুজরাটের রূপালি মাছেই ভরসা করছেন পশ্চিমবঙ্গের বাঙালিরা। হাওড়ার পাইকারি মাছ বাজারে প্রতিদিন ১০০ থেকে ১৫০ মেট্রিক টন ইলিশ ভর্তি ট্রাক ঢুকছে। পশ্চিমবঙ্গের বিভিন্ন বাজারে এখন ভিড় জমাচ্ছে গুজরাটের ৭০০ু৮০০ গ্রাম থেকে শুরু করে দেড় কেজি পর্যন্ত ওজনের ইলিশ।

পাইকারি বাজারে ডিমওয়ালা ১ কেজি ওজনের ইলিশ বিক্রি হচ্ছে ৬০০ থেকে ৮০০ রুপিতে, আর ডিমবিহীন বড় ইলিশের দাম ৯০০ থেকে ১ হাজার রুপি। এত বিপুল পরিমাণ ইলিশ বাজারে আসায় দামের চাপও কিছুটা কমেছে। পশ্চিমবঙ্গ ফিস ইমপোর্টার্স অ্যাসোসিয়েশনের সেক্রেটারি সৈয়দ আনোয়ার মাকসুদ জানান, “আমাদের এখানে ইলিশ মাছের চাহিদা অনেক। কিন্তু বাংলাদেশের ইলিশের আমদানি না থাকায় বাজারে দাম সবসময় বেশি থাকে। এবছর গুজরাট থেকে এত বিপুল পরিমাণ ইলিশ এসেছে যে গত ৫০ বছরের রেকর্ড ভেঙে গেছে। যখন মাছ বেশি আসে, তখন দামও তুলনামূলক কম থাকে।” তিনি আরও বলেন, “প্রতি বছর দুর্গাপূজায় বাংলাদেশ থেকে ইলিশ আসতো। আমরা এবারও অনুরোধ জানিয়েছি। যদিও বর্তমান পরিস্থিতি খুব অনুকূলে নয়, তারপরও আমরা আশাবাদীড়বাংলাদেশ পূজার আগে কিছু ইলিশ পাঠাবে।” বাংলাদেশেও এবছর ইলিশের উৎপাদন আগের তুলনায় কম হয়েছে বলে জানান তিনি। তবে গুজরাটে আশাতীত সরবরাহ পুরো বাজারের সমীকরণ বদলে দিয়েছে। তবু পশ্চিমবঙ্গের বাঙালিদের আশাড়পুরোনো ঐতিহ্য মেনে দুর্গাপূজার আগে পদ্মার রূপালি ইলিশ সীমান্ত পেরিয়ে এপার বাংলায় আসবেই।

## ভারতের নতুন কর কাঠামো: ৬০০ কোটি ডলার আয় কমার শঙ্কা

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের রাজস্ব আয়ে বড় ধরনের ধাক্কা আসতে পারে সম্প্রতি নেওয়া কর কাঠামো পরিবর্তনের সিদ্ধান্তে। যুক্তরাষ্ট্রের শুল্ক চাপ মোকাবিলা ও অভ্যন্তরীণ ভোগব্যয় বাড়াতে শতাধিক পণ্যে কর ছাড় দিয়েছে নরেন্দ্র মোদী সরকার। তবে এই পদক্ষেপে সরকারের আয় প্রায় ৬০০ কোটি ডলার (ছয় বিলিয়ন) কমতে পারে বলে আশঙ্কা করছেন বিশ্লেষকেরা। বুধবার (৩ সেপ্টেম্বর) ভারতের অর্থমন্ত্রী নির্মলা সীতারামন নতুন কর কাঠামো ঘোষণা করেন। তিনি জানান, পণ্য ও সেবা কর (জিএসটি) সহজ করে এখন থেকে শুধু দুটি স্ল্যাব রাখা হয়েছেড়৫ শতাংশ ও ১৮ শতাংশ। তবে সিগারেটের মতো বিলাসী ও ক্ষতিকর পণ্যে আলাদা ৪০ শতাংশ কর আরোপ করা হবে। নতুন হারে খাদ্যপণ্য, শিক্ষা উপকরণ, বিমা, এয়ার কন্ডিশনার ও টেলিভিশনের মতো ইলেকট্রনিক সামগ্রীর দাম কমবে বলে আশা করা হচ্ছে। অন্যদিকে, আমদানি করা মদ ও বিলাসবহুল গাড়ির দাম বাড়বে। আগামী ২২ সেপ্টেম্বর থেকে এই নতুন করহার কার্যকর হবে, যা ভারতের উৎসব মৌসুম শুরুর ঠিক আগে আসছে। কর ছাড়ের কারণে কেন্দ্রীয় সরকারের আয় কমে যেতে পারে প্রায় ৬০০ কোটি ডলার। একই সঙ্গে, যেসব রাজ্য জিএসটি আয়ের ওপর ব্যাপকভাবে নির্ভরশীল, সেসব রাজ্যও বড় ধরনের রাজস্ব ঘাটতিতে পড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। তবে কিছু অর্থনীতিবিদ ভিন্ন মত দিচ্ছেন। কোটাক সিকিউরিটিজের ব্যবস্থাপনা পরিচালক শ্রিপাল শাহ মনে করেন, ভোগব্যয় ভারতের জিডিপির ৬০ শতাংশ। কর কমানোর ফলে চাহিদা বাড়বে, ব্যবসায়ীদের বিক্রি বাড়বে এবং করপোরেট আয়ে ইতিবাচক প্রভাব পড়তে পারে। এমনকি, এই উদ্যোগ মূল্যস্ফীতি নিয়ন্ত্রণেও সহায়ক হতে পারে বলে তিনি উল্লেখ করেন। ভারতের এই পদক্ষেপকে যুক্তরাষ্ট্রের বাড়তি শুল্ক চাপ মোকাবিলার কৌশল হিসেবেও দেখা হচ্ছে। সম্প্রতি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ভারতীয় পণ্যের ওপর ৫০ শতাংশ শুল্ক আরোপ করেছেনড়এর মধ্যে রয়েছে ২৫ শতাংশ পাল্টা শুল্ক এবং রাশিয়া থেকে অপরিশোধিত তেল আমদানির কারণে বাড়তি ২৫ শতাংশ জরিমানা। অর্থনীতিবিদরা বলছেন, এই পরিস্থিতি ভারতের অর্থনীতিকে বড় চাপে ফেলতে পারে। মোদী সরকারের নতুন করনীতি এখন দেখার বিষয়ড়এটি ভোগব্যয় ও প্রবৃদ্ধি বাড়িয়ে ঘাটতি পুষিয়ে নিতে পারে, নাকি রাজস্ব আয়ে বড় ধাক্কা নিয়ে আসবে।